

বিজ্ঞান শিক্ষার বেহাল অবস্থা

বাউফলের মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞানাগার ও বিজ্ঞান শিক্ষক নাই

বাউফল সংবাদদাতা ॥ বাউফল থানার ৯০ ভাগ মাধ্যমিক স্কুল মাদ্রাসায় বিজ্ঞানাগার, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও প্রয়োজনীয় বিজ্ঞান শিক্ষকের অভাবে বিজ্ঞান শিক্ষা ব্যাহত হইতেছে।

থানা প্রকল্প কর্মকর্তা (মাধ্যমিক)

অফিস সূত্রে জানা যায়, অত্র থানায় ৫২টি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক, ৭০টি দাখিল ও সিনিয়র মাদ্রাসাসহ মোট ১২২টি মাধ্যমিক স্কুল মাদ্রাসা আছে। উহাতে ২৫ হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। দাখিল ও সিনিয়র মাদ্রাসাগুলিতে বিজ্ঞান বিষয় পাঠ্যভুক্ত আছে।

কিন্তু বিজ্ঞানাগার, বৈজ্ঞানিক যন্ত্রপাতি নাই এবং বিজ্ঞান শিক্ষক নাই বলিলেই চলে। থানার হাতে গোনা কয়েকটি পুরাতন হাইস্কুলে বিজ্ঞানাগার ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি থাকিলেও তাহাও যথাযথ রক্ষণাবেক্ষণ ও (১২শ পৃঃ দ্রঃ)

বাউফলের মাধ্যমিক শিক্ষা

(৩য় পৃঃ পর)

ব্যবহারের অভাবে মরিচা ধরিয়া ব্যবহারের অনুপযোগী হইয়া রহিয়াছে। এমনকি থানা সদরে অবস্থি বালক ও বালিকা বিদ্যালয় ২টির একটিতেও স্বতন্ত্র বিজ্ঞানাগার, প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও বিজ্ঞান শিক্ষক নাই। বালক বিদ্যালয়টিতে বিজ্ঞান শিক্ষক নাই। ঐ স্কুলের প্রধান শিক্ষক জানান পূর্বের বিজ্ঞান শিক্ষকেরা অবসর গ্রহণ করায় সরকারী নীতিমালয় ৩০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগের বিধান থাকায় বিজ্ঞানের মহিলা শিক্ষক না পাওয়ায় শিক্ষক নিয়োগ বন্ধ রহিয়াছে।

স্কুল মাদ্রাসাগুলিতে বিজ্ঞানাগার বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও বিজ্ঞান শিক্ষক না থাকায় বিজ্ঞান ক্লাস ও ব্যবহারিক ক্লাস হয় না বলিলেই চলে। অর্থাৎ এস এস সিতে বিজ্ঞান বিভাগে ৩টি বিষয়ে ৭৫ নম্বরসহ ৩০০ নম্বরে পরীক্ষা দিতে হয়। এস, এস, সি পরীক্ষার সময় ব্যবহারিক পরীক্ষা দায়সারাতাবে গ্রহণ করিয়া চালাও নম্বর প্রদান করা হয়।